

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৯৮

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার আজাদকৃত দাস উমাইর এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ عُمَيْرٌ - مَوْلَى ابْن عباس

## আরবী

3598 \_ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بِنُ الْأَشَجِ عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ بِنُ الْأَشَجِ عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم عَلَى الله عليه وسلم عَرَفَةَ فَأَرْسَلَتْ إِلَيْهِ مَيْمُونَةُ بِحِلابٍ \_ وَهُوَ وَاقِفٌ فِي الْمَوْقِف \_ فَشَرِبَ وَالنَّاسُ ينظرون.

الراوي: مَيْمُونَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3598 ا خلاصة حكم المحدث: صحيح: ق.

قَالَ أَبُو حَاتِمٍ: فِي حِجَّةِ الْوَدَاعِ كَانَ نِسَاءُ النَّبِيِّ صلى الله عليه وسلم مَعَهُ وَكَذَلِكَ جَمَاعَةٌ مِنْ قَرَابَتِهِ فَيُشْبِهُ أَنْ تَكُونَ أُمُّ الْفَضْلِ وَمَيْمُونَةُ كَانَتَا بِعَرَفَاتٍ فِي مَوْضِعٍ وَاحِد حَيْثُ حُمِلَ الْقَدَحُ مِنَ اللَّبَنِ مِنْ عِنْدَهُمَا إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فنُسِبَ القَدَحُ وَبَعْتَتُهُ إِلَى أُمِّ الْفَضْل فِي خَبَرِ وَإِلَى مَيْمُونَةَ فِي آخَرَ.

## বাংলা

৩৫৯৮. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী মাইমূনাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, আরাফার দিন লোকজন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের (সিয়াম রাখার) ব্যাপারে সন্দেহ পোষন করলে, তিনি তাঁর কাছে একটি দুধের পাত্র পাঠান। এসময় তিনি আরাফায় অবস্থানকারী ছিলেন- অতঃপর তিনি দুধ পান করেন আর লোকজন দেখছিলেন।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "বিদায় হজ্জের সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে তাঁর স্ত্রীগণ ছিলেন এবং তাঁর সাথে তাঁর একদল নিকটাত্নীয় ছিলেন। কাজেই হতে পারে আরাফায় উম্মু ফযল ও মাইমূনাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা এক জায়গায় ছিলেন। এসময় তাদের দুইজনের কাছ থেকে দুধের বাটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে নিয়ে যাওয়া হয়। অতঃপর এক হাদীসে দুধের বাটি ও তা প্রেরণ করাকে উম্মুল ফযল রাদ্বিয়াল্লাহু আনহার দিকে সম্পর্কিত করা হয়েছে, আবার আরেক হাদীসে মাইমূনাহ রাদ্বিয়াল্লাহু আনহার দিকে সম্পর্কিত করা হয়েছে।

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৯৮৯; সহীহ মুসলিম: ১১২৪; সুনান বাইহাকী: ৪/২৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ২১০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন